

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ১৭ সেপ্টেম্বর, ২০১৭।

প্রতি : নেটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল অফিস প্রধান (বিএম, প্রকল্প সমন্বয়কারী, আরটিএল)

হতে : পরিচালক

বিষয়: সংস্থার প্রতিটি অফিসে সিএইচএস (CHS) ৯টি অঙ্গীকার সম্পর্কিত পোস্টার টাঙ্গানো এবং কর্মীদের ওরিয়েন্টশন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. আপনারা অবগত আছেন যে, কোস্ট ট্রাস্ট সংস্থার সকল পর্যায়ে ভালো ব্যবস্থাপনা পরিচালনা এবং কর্মসূচির সদস্য ও উপকারভোগীদের প্রতি সম্মান ও জীবাবদিহিতা প্রদর্শনের পাশাপাশি চর্চার জন্য হ্যাপ (Humanitarian Accountability Partnership ) কর্তৃক পরপর দুইবার সার্টিফিকেট পেয়েছে। যা সংস্থার জন্য গোরবের এবং সংস্থার ভালো কাজের স্বীকৃতি।
২. এরাগে সংস্থা হ্যাপ এর ৬টি অঙ্গীকার (আদর্শমান) যা সংস্থার ব্যবস্থাপনা ও চর্চার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে যা সংস্থা যথাযথভাবে পালন করেছে। হ্যাপ এর এই আদর্শমানগুলি বর্তমানে সিএইচএস (Core Humanitarian Standard, CHS) এ একিভুত হয়েছে যেখানে সর্বমোট ৯ টি অঙ্গীকার রয়েছে। এরই প্রেক্ষিতে আমরা বর্তমানে সংস্থার সকল কর্মকাণ্ড পরিচালনায় এই ৯টি অঙ্গীকার চর্চার মাধ্যমে বাস্তবায়ন করছি।
৩. এই ৯টি অঙ্গীকার ডয়াগ্রামসহ একটি পোস্টার ছাপিয়ে বোর্ড আকারে আপনাদের জন্য প্রেরণ করা হয়েছে যা কোস্ট এর সকল আঞ্চলিক ও শাখা কার্যালয়ে এই বোর্ডটি টানিয়ে রাখার জন্য জানানো যাচ্ছে। বোর্ডটি টাঙ্গানোর জন্য এমন স্থান নির্ধারণ করবেন যাতে সহজে সকলের নজরে পড়ে।
৪. আগামী এক সপ্তাহের (১৮-২৪ সেপ্টেম্বর) মধ্যে যেকোন একদিন অর্ধবেলা অফিসের সকল সহকর্মীকে পোস্টারটি দেখানোর পাশাপাশি এই সার্কুলারের সাথে সংযুক্ত লেসনের আলোকে ৯ টি অঙ্গীকারসমূহ সংস্থায় কিভাবে বাস্তবায়ন হচ্ছে, প্রতিটি অঙ্গীকারের বিপরীতে সংস্থা কোন কোন প্রামাণ্য ডকুমেন্ট ব্যবহার ও সংরক্ষণ করছে তা বুঝিয়ে দিতে হবে।
৫. ৯ টি অঙ্গীকারে দুর্ঘোগ ক্ষতিগ্রস্ত জনগণ ও জনগোষ্ঠির কথা বলা হয়েছে। কারণ প্রধানত প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্ঘোগ আক্রম জনগোষ্ঠির জন্য কাজ করতে এই অঙ্গীকারগুলি তৈরি হয়েছে। কিন্তু আমরা যারা দুর্ঘোগ ক্ষতিগ্রস্ত জনগণসহ অন্যান্য দরিদ্র ও অসহায় মানুষের জন্য কাজ করি তখন তাদের জন্যও একইভাবে এই অঙ্গীকারসমূহ প্রযোজ্য। অর্থাৎ এখানে দুর্ঘোগে ক্ষতিগ্রস্ত জনগণ ও জনগোষ্ঠি বলতে আমাদের সদস্য ও উপকারভোগীদের কথা বলা হয়েছে। এই জনগোষ্ঠির অন্তর্ভুক্ত হবেন- স্কুল ঋণ বা অন্যকোন প্রকল্পের উপকারভোগী, যেকোন প্রাকৃতিক দুর্ঘোগ (যেমন- রোয়ানু) অথবা রোহিঙ্গা শরণার্থী।
৬. কোন বিষয়ে আরো ভালোভাবে বোঝার জন্য পরিচালক বা সহকারি পরিচালক-এসএ ডিআরআর এর সাথে আলোচনা করার জন্য জানানো যাচ্ছে। আগামী ২৪ সেপ্টেম্বর '১৭ এর মধ্যে সকল অফিসে অফিস প্রধানগণ সকল কর্মীর সাথে নিয়ে ওরিয়েন্টেশন নিশ্চিত করবেন।
৭. আগামী ১৯ থেকে ২৬ অক্টোবর '১৭ জেনেভা থেকে তিনসদস্য বিশিষ্ট একটি অডিট টীম আসবেন। উক্ত টীম এই অঙ্গীকারসমূহ যথাযথভাবে পালন এবং প্রামাণ্য দলিলসহ সংরক্ষন করা হয় কিনা তা অডিট করবেন। এসময় তারা সংস্থার কর্মী, উপকারভোগী এবং স্টেকহোল্ডারদের সাথে আলোচনা এবং যাচাই করবেন।

১৭.০৯.২০১৭

৮. এরই প্রেক্ষিতে সকলের প্রতি এই ওরয়েন্টশনটি গুরুত্বের সাথে গ্রহণ করার জন্য জানানো হলো। একই সাথে সকল কর্মীর ব্যক্তিগত ফাইল, টর, সংস্থার বিভিন্ন পালিস, প্রকল্প প্রস্তাবনা, কর্মপরিকল্পনা, নিউজ লেটারসহ অন্যান্য প্রামাণ্য দলিল সংরক্ষণ ও আপডেট করার জন্য অনুরোধ করা হলো। মনে রাখতে হবে, এই ৯টি অঙ্গীকার সকলকে মুখ্যত রাখতে হবে কারণ অডিট টাইম তা যেকোন কর্মীর কাছে জানতে চাইতে পারেন।
৯. এ সার্কুলারটি অন্তিমিলমে কার্যকরী হবে এবং এটির সাথে যদি কেউ দ্বিমত পোষন করেন তাহলে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।
১০. এই সার্কুলারটি আপনি আপনার এলাকায়, শাখায়, প্রকল্প অফিসে ও সেন্টারে আগামী ২টি সভায় আলোচনা করবেন। একইসাথে সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নেবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

সনত কুমার ভোঁমিক ১৭.০৯.২০১৭

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কর্প

সন্তোষ কুমার ভোঁমিক এবং নির্বাহী পরিচালক এবং সকল উপ ও সহকারি পরিচালক এবং অফিস কর্প এর স্বাক্ষর নেওয়া হয়েছে।

সন্তোষ কুমার ভোঁমিক এবং নির্বাহী পরিচালক এবং সকল উপ ও সহকারি পরিচালক এবং অফিস কর্প এর স্বাক্ষর নেওয়া হয়েছে।

সন্তোষ কুমার ভোঁমিক এবং নির্বাহী পরিচালক এবং সকল উপ ও সহকারি পরিচালক এবং অফিস কর্প এর স্বাক্ষর নেওয়া হয়েছে।

সন্তোষ কুমার ভোঁমিক এবং নির্বাহী পরিচালক এবং সকল উপ ও সহকারি পরিচালক এবং অফিস কর্প এর স্বাক্ষর নেওয়া হয়েছে।

— ৫১০-৮০-৫১